

# Directors' Report

Bismillahir Rahmanir Rahim,

**Dear Shareholders, Assalamu Alaikum,**

The Directors of Popular Life Insurance Company Limited are pleased to present the Directors' Report and Auditors' report together with the audited financial statements (Consolidated and Standalone) for the year ended December 31, 2022. The directors' report highlighted the performance of the company and presents the necessary disclosures in relation to good corporate governance.

**Industry outlook:**

The life insurance industry is an integral part of the Country's economic growth, which plays an important role in the growth of economy of a country. The portion/share of insurance sector of our country's national growth is 0.5% which is slow down from the expected estimated target of 1% growth from this sector and insurance coverage over the population in Bangladesh is 5% which should be ideally at least 15%. The potential development of this sector has become dependent on the overall success of the companies in this sector and co-operation of the stakeholders.

### Financial Result:

Consolidated life revenue account shown a Balance of Fund of Tk. 1,685.27 Crores after tax and Dividend. During the year the gross premium income of the Company was Tk. 675.74 Crore. The company has incurred Management expenses of Tk. 267.11 Crore other than various Income tax, deferred tax, and cash dividend. The Board and the Management are closely monitoring such Management expenses.

The summary of premium income under schemes has been given below.

| Particulars | 2022 (In crore Taka) | 2021 (In crore Taka) |
|---|---|---|
| **First year premium:** | | |
| Individual Life | 30.86 | 27.14 |
| Janapriya Bima | 26.12 | 27.46 |
| Islami Bima (Takaful) | 28.19 | 25.68 |
| Al-Amin Bima | 61.49 | 51.80 |
| Islami DPS Bima | 20.22 | 20.38 |
| Popular DPS Bima | 8.93 | 9.57 |
| Al-Barakah Islami Bima | 20.50 | 21.48 |
| Al-Barakah Islami DPS Bima | 13.47 | 12.42 |
| Janapriya Akok Bima | 10.91 | 10.80 |
| Al-Amin Akok Bima | 19.09 | 15.54 |
| Islami DPS Khudra Akok | 5.32 | 4.30 |
| Janapriya Khudra Akok | 4.34 | 3.85 |
| | **249.44** | **230.43** |

| Particulars | 2022 (In crore Taka) | 2021 (In crore Taka) |
|---|---|---|
| **Renewal premium :** | | |
| Individual Life | 49.37 | 46.47 |
| Janapriya Bima | 41.47 | 39.59 |
| Islami Bima (Takaful) | 38.83 | 40.83 |
| Al-Amin Bima | 117.83 | 116.25 |
| Islami DPS Bima | 39.60 | 39.03 |
| Popular DPS Bima | 14.81 | 13.98 |
| Al-Barakah Islami Bima | 27.36 | 26.02 |
| Al-Barakah Islami DPS Bima | 18.58 | 19.39 |
| Janapriya Akok Bima | 15.51 | 15.43 |
| Al-Amin Akok Bima | 41.44 | 40.56 |
| Islami DPS Khudra Akok | 11.75 | 12.64 |
| Janapriya Khudra Akok | 9.56 | 9.95 |
| | **426.11** | **420.15** |
| | **675.55** | **650.58** |

| Particulars | 2022 (In crore Taka) | 2021 (In crore Taka) |
|---|---|---|
| Group Insurance | 0.17 | 0.18 |
| Life Fund | 1,685.27 | 1,794.78 |
| Claim | 576.98 | 442.69 |
| Management Expenses | 267.11 | 254.27 |
| Commission to Insurance Agents | 78.08 | 69.40 |
| Allowances & Commission (other than Commission included in above) | 30.35 | 27.03 |
| Administrative & other expenses | 158.68 | 157.84 |

**Risk and concerns:**

Business and risk are impenetrably connected with one another. They are alike two sides of the same coin. In comparison with other businesses the risk level of the insurance business is significantly mentionable. Risk is the component of uncertainty or probability of loss which is very important for insurance business. Sound implementation of legitimate and calculated risk management is fundamental to the long run success of the insurance industry. One of the prime objectives of the Company is to protect the interest of stakeholders and implementation of risk management by strengthening, increasing of power & delegation and executing of optimal level of control. In consequence the position and reputation of the Company will be increased as a life insurance Company in the society which will ultimately cooperate to fulfill the social responsibilities.

**Cost of goods sold, Gross profit Margin & Net Profit Margin:**

Popular life insurance Company Limited is a Non-Banking Financial Institutions dealing with life insurance in Bangladesh. The profit margin and comparative analysis of financial performance is mentioned in the Consolidated life revenue account of Audited Financial statements.

**Extra-ordinary gain or loss:**

No extraordinary activities occurred during the year and have no implications in the financial statements.

**Related party transaction:**

No significant related party transaction observed during the period. Notes of related party transaction have been provided in Note No. # 36 of notes to the Financial Statements.

**Utilization of proceeds raised through public issues:**

No further capital raised through public issues, rights issues and or any other instruments were proceeds during the year.

**Deterioration of Financial Results:**

No other indicators of financial results deteriorated after the company goes for initial public offering (IPO), Repeat Public offering (RPO), Rights share offer, Direct Listing etc.

**Variance between Quarterly and Annual Financial Statements:**

Company disclosed quarterly financial performance for the 1st, 2nd and 3rd quarter 2022. No significant deviation in operational results of those quarterly and year-end operational results of those quarterly and year-end operational result is noticed as a whole.

**Remuneration of directors including independent directors:**

Directors are not eligible to get any remuneration other than attendance fees for the Board meeting and meeting of the committees.

**Financial statements:**

The financial statements prepared by the management of the company which represent fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity. Audited Financial Statements are presented in the annual report.

Statutory auditor has given some opinion in the audited financial statements. Our clarification in this regard is mentioning hereunder for your clarity:

1) Banks, Non-Banking financial institutions are administered and regulated by special laws, like the Banking Companies Act 1991, The Non-Baking Financial Act 1993 and The Insurance Act 2010. There are specific provisions in the Insurance Act pertaining to allocation of surplus fund derived from operations at the end of financial year. According to Rule of Insurance Act, 2010, 90% of the surplus to be allocated for policy holders and 10%. of that to the shareholders. As a result, sharing 5% of profit being improper as per Spirit of Insurance Act-2010.

   Moreover, after review of relevancy and jurisdiction of Bangladesh Labour Act-2006 upon being asked for giving directions on the matter, the Ministry of Finance has issued a directive vide Letter No. 53.00.0000.311.22.002.17-130 date 14 February 2017 that WPPF was not on imposition to Bank and financial Institutions. Being a Financial Institute, the Board of Directors preferred to go by the directives of MOF in respect to WPPF alike other Companies of Insurance Industry.

2) Our Company makes financial transactions relating to agent commission in accordance with the guideline stated in the Circular of Insurance Development and Regulatory Authority (IDRA) (বীঃউঃনিঃকঃ/জিএডি/১৭০৩/২০১৭-৯৩৮ তারিখঃ ২১ মার্চ, ২০১৭ইং) in most of the cases. In some cases, we deal with marginal people of society as agents who reside in remote areas where infrastructure of banking is insufficient. Therefore, in continuation of the business we have to make few payments of agent commission in cash which is not against the above-mentioned circular of the Insurance Development and Regulatory Authority's (IDRA).

3) In some cases, our Policyholders were unable to pay their due premium within the timeline due to various personal reason. For this reason, we have collected the due premium with late fees by providing flexibility to the policy holders with keeping our good relationship for the prosperity of the company.

4) We have made our investment in placement shares in different companies which had been under approval of Bangladesh Securities and Exchange Commission (BSEC). Upon having information of irregularities and non-compliances in the process of IPO/Share issue of those companies, we have already taken necessary legal steps against said companies.

**Maintaining proper books of accounts:**

The directors' responsibilities also include overseeing whether adequate accounting records are being maintained with vouchers relevant to any entry in good order. The books of accounts are kept at the registered office of the Company.

**Appropriate accounting policy:**

The directors' responsibilities also include supervision for designing, implementing and maintaining internal control relevant to the preparation and fair presentation of these financial statements those are free from material misstatement, whether due to fraud and error, selecting and applying appropriate accounting policies, and making accounting estimates that are reasonable in the circumstances.

**Followed IAS and IFRS:**

International Accounting Standards (IAS) or International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements and any departure there from has been adequately disclosed in the financial statements.

**Effective internal control system:**

An effective internal control system also requires that an appropriate control structure is set up with control activities defined at every business level. The board of directors has the responsibility for approving the review of overall business strategies and significant policies of the internal control system. Through the establishment of the Audit Committee, the board of directors monitors the effectiveness of internal control system. The audit committee evaluates whether management is setting the appropriate compliances culture by communicating the importance of internal control among the employees. They also review the corrective measures taken by the management relating to operational lapses.

**Minority shareholders interest:**

No such a situation has arisen with minority shareholders who are protected from abusive actions by, or in the interest of, controlling shareholders acting either directly or indirectly. The Company is strongly committed to equitable treatment of every shareholder, whether they are majority or minority shareholders, or institutional investors. Shareholders who are unable to attend the shareholders' meeting, the company provides proxy forms which allow shareholders to specify their vote on each agenda. On the other hand, the company has been following up the complaints for non-receipt of dividend warrant, dividend intimation letter, cash dividend and dividend distribution system.

**Going concern:**

Financial statements are generally prepared under the assumption that the business will remain a “going concern”. That is, it is expected to continue to generate a positive return on its assets and meet its obligations in the ordinary course of business. It is the responsibilityof the management to determine whether the going concern assumption is appropriate in the preparation of financial statements. Disclosure of going concern is stated in the notes to the financial statements.

**Significant deviations from last year operating results:**

A negative cash flow from operating activities for the year was due to substantial payment of claims which is almost 30.34% higher than the same period of the previous year.

**Five years operation and financial data:**

The key operating and financial data for the last five years have been disclosed in this annual report.

**Dividend:**

The Board of Directors has recommended 38% cash dividend against each share of Taka 10(Ten). While recommending the dividend the Board of Directors has taken into consideration the results of Actuarial valuation for the year ended 31st December 2022 and the life Fund as on that date.

**Dividend declaration policy:**

Popular Life Insurance Company Limited distributed its dividend within 30 (thirty) days from the date of declaration of dividend and submitted its compliance within 07 (seven) days from the date of distribution of dividend to the commission and exchanges. A dividend declaration policy appended in this annual report.

**Interim dividend:**

No bonus share or stock dividend has been declared by the Board as interim dividend and there was no effect on the Company’s financial position.

**Board meeting and attendance:**

The schedule of board meeting and attendance records summary is shown of annual report. The company shall conduct its board meetings and recorded the minutes if the meetings as well as keep required books and records in line with the provisions of the relevant Bangladesh Secretarial Standards (BSS) as adopted by the ICSB.

**Pattern of shareholding:**

The pattern of shareholding disclosing the aggregate number of shares along with name-wise details as on 31st December 2022 are shown of annual report.

**Subsidiary:**

The Company has 02 (two) Subsidiaries. The audited financial statement of 1) Popular Life Securities Limited; and 2) PLI Asset Management Limited are disclosed in the annual report.

## Board of Directors:

- **Board composition:**

  The Board of Directors of the Company has 12 (twelve) members. 04 (four) of them are Independent Director.

- **Independent Directors**

  Mr. Mohammed Abu Kauchar, Mr. Mohammad Habibul Bahar, Mr. Mohammed Atique Akbar and Dr. Md. Abdul Mannan Bhuyean are the Independent Directors of the Company.

## Sponsor Directors:

In accordance with Article 83(1) of the Articles of Association of the Company, 02 (two) sponsors directors shall retire from office at the 23rd Annual General Meeting. The retiring Directors are:

1. Mr. Shamsul Arefin Khaled;
2. Mrs. Farjana Jahan Ahmed

Being eligible they offered themselves for re-election.

## Changes in the Directors:

During the Financial Year 2021-22 there are no changes in the board members.

## Public Subscribers' Directors:

In accordance with the provision under Article 83(2) of the Articles of Association of the Company and as provided under Insurance Act, 2010, Mr. Mohammed Amir Hossain Chowdhury and Mr. Mohammed Zahirul Islam Chowdhury shall retire from the office of directorship by rotation and being eligible offer himself for re-election. Public notification in regard to election of Public Subscribers' Director has been published in the 02 (Two) national dailies namely The Daily Nagorik Sangbad & The Daily Voice of Asia .

## Management discussion analysis:

Management discussion and analysis signed by the Director presenting detailed analysis of the Company's position and operations along with a brief discussion of changes in the financial statements are stated in the annual report.

## Declaration by CEO & CFO:

Declaration or certification by CEO and CFO to the board as required under condition no. 3 (3) (b) is disclosed in the annual report.

## Corporate Governance:

The company has complied with all the necessary guidelines under BSEC Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated June 03, 2018. A certificate of Compliance required under the said Guidelines, as provided by M/S. Ahmed Mashuque & Co., Chartered

Accountants, is annexed in the Annual Report 2022. M/S. Ahmed Mashuque & Co., Chartered Accountants shall retire at the 23rd Annual General Meeting.

**Sub-Committee:**

In order to continue un-interrupted success flow of the Company and ensure good governance the Company has established 05 (Five) sub-committees named as Audit Committee, Claim Committee, Real Estate Committee, Investment Committee and Nomination & Remuneration Committee (NRC) respectively. The main objectives of these committees are to protect the interest of the subscribers of the Company along with to ensure the interest of the Company in some specified concerns and perform every related task of it with a transparent view. A separate report on Corporate Governance is provided as part of the Annual Report.

**Audit Committee of the Board:**

For ensuring transparency & accountability in the operations of the Company to confirm that the activities are conducted within the framework of principles and policies as laid down by the Board, as well as the guidelines of the Securities and Exchange Commission's notification no. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dated June 03, 2018. The Audit Committee reviewed the financial statements of the Company for the year ended 31st December, 2022 audited by the External Auditors stressing the importance of the compliance culture within the Company.

**Nomination and Remuneration Committee (NRC):**

In compliance with Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 and dated June 3, 2018 issued by the Bangladesh Securities & Exchange Commission, Popular Life Insurance Company Ltd. established a Nomination and Remuneration Committee (NRC) which is a sub-committee of the Board of Directors. The NRC shall be independent and responsible or accountable to the Board and to the Shareholders of the Company.

**Life Fund and Life Revenue:**

Apart from premium income, other income avenues of the company were also competitive, however, the trend of life revenue accounts was increasing in number. Income from interest on fixed deposits was less than from last year and dividend received from shares was monthly similar from last year. Whereas profit from sale of shares is Taka 14.11 Crore. The total Life Fund of the Company as on 31st December 2022 stood at Tk. 1,685.27 Crore as against Tk. 1,794.78 Crore in the preceding year.

**Claim:**

In perspective of claim settlement company paid insurance claim of Tk. 576.98 crore which was Tk. 442.69 crore in 2021. This was remarkable and a great success for the company as well.

**Actuarial Valuation:**

The Board of Directors of the Company decided to conduct Actuarial Valuation yearly and accordingly the Actuarial Valuation of the assets & liabilities of the Company as on

December 31, 2022 was carried out. The Valuation results have shown a surplus of Tk. 199.43 crore out of which Tk. 131.68 Crore have been allocated for Bonus to policyholders.

**Services to Policyholder:**

The reputation and progress of the Company largely depend on prompt and efficient services rendered to the policyholders. Keeping this in view, we have further strengthened our services through automation of working systems and operating environment.

A large network of several hundred offices in the rural as well as urban centers throughout the country renders all necessary services to the policyholders. The management is trying to make digitalized to its Zonal & Regional Offices gradually and by now the activities of many Zonal Offices have already been computerized.

The settlement of claims is a very important aspect of services to the policyholders. Hence the Company has laid great emphasis on expeditious settlement of maturity, survival as well as death claims. From last few years the Company has decentralized the claims settlement operation through Zonal & Regional Offices for rendering prompt services to the policyholders. During the year, the Company has settled claims for Tk. 576.98 Crore. On the other hand, claims by maturity have been coming up in larger quantum commensurate with the service length of the Company.

**Human Resources Management:**

Insurance industry is a place where services of experienced hands are absolutely necessary. PLICL is fully aware of this fact and from the beginning of its formation it tried sound insurance experts hire and other executives from the insurance field of the country with attractive compensation packages. Apart from normal compensation package, PLICL has introduced employee benefits like festival bonus, gratuity, contributory Provident fund, earn leave, sick leave, maternity leave for female employees, group insurance, Housing in order to increase work efficiency, at different level of emplacement. PLICL organizes training for its employees on a regular basis. PLICL organizes in-house training from time to time in 2022 for the field workers and others related with policy sales, underwriting, claim management, Re-insurance and practice of Takaful system.

**Auditors:**

Pursuant to Section 210 of the Companies Act, 1994, the Company's statutory auditors M/S. G. KIBRIA & Co. Chartered Accountants shall retire at the 23rd Annual General Meeting.

**Corporate Social Responsibility:**

We are dedicated to standing in good move with effective, positive and principled engagement with our stakeholders, looking at making our operations lucrative, but beyond short-time gains. We always keep our awareness to consume less power energy, reduce the use of fuel and harmful emissions. Popular Life Insurance Co. Ltd. always acknowledges its social responsibilities, as it is an inseparable part of society. The Company is always aware of its social responsibilities and also devoted to accomplishing such responsibilities at a regular basis. As the main component of insurance business is deployed from the society therefore to perform various types of developing and awareness

building program is always very significant one to the Company. Our corporate social responsibility covers all related parties of the Company.

**Directors' Responsibility Statement:**

With regard to responsibilities for preparation and presentation of the Financial Statements, the Directors confirm that:

1. The financial statements together with the notes thereon have been drawn up in conformity with the companies Act, 1994, Insurance Act. 2010, Insurance Rules 1958 and securities and Exchange Rules 1987. These statements present fairly the Company's statement of affairs, the result of its operation and cash flow;

2. In the preparation of the annual accounts, the applicable accounting standards have been followed along with proper explanation relating material departure, if any;

3. The Directors had selected each accounting policy and applied them consistently and made judgments and estimates that are reasonable and prudent so as to give a true and fair view of the state of affairs of the Company at the end of financial year and of the results of the Company for that period;

4. The Directors had taken proper and sufficient care for the maintenance of adequate accounting records in accordance with the provisions of the Company's Act, 1994, Insurance Act, 2010, Insurance Rules 1958 and Securities and Exchange Rules 1987 for safeguarding the assets of the Company and for preventing and detecting fraud and other irregularities;

**Evolving Technology:**

The Company has pursued the care of technology, with due diligence, to yield forward its operations. Latest technology hence has played a vibrant role, reforming the operations cost commendably and ranging progressive insurance solutions. Countrywide our offices are being gradually brought online. We have an updated website containing all relevant information both for the subscribers and potential investors.

**Contribution to the National Exchequer:**

The Company has contributed Tk. 9.43 Crore to the National Exchequer during the year 2022 in the form of direct and indirect taxes and other mandatory contributions as per existing law.

**Business Plan for 2023:**

The Company has set up its business strategy for the year 2023 for boosting up of its Individual life, Janapriya Bima, Islami Bima (Takaful), Al-Amin Bima, Islami DPS Bima, Popular DPS Bima, Al-Barakah Islami Bima, Al-Barakh Islami DPS Bima, Janapriya Ekok Bima, Al-Amin Ekok Bima, Islami DPS Khudra Akok and Janapriya Khudra Akok division. The management of the company believe that, if the economic and political condition remains steady, it will be possible to meet the target plan.

**Acknowledgement:**


On behalf of the Board of Directors, I take this unique opportunity to thank all our honorable shareholders, Directors, Members of Shariah council and Managing Director for their continued support & co-operation. I also express my sincere gratitude to our valued policyholders, the office of the Insurance Development and Regulatory Authority, concerned Ministries, Registrar of Joint Stock companies & Firms, Securities and Exchange Commission, office of Dhaka & Chittagong Stock Exchanges, our Bankers and other esteemed well-wisher for their co-operation, support & confidence.

I also appreciate for the contribution made by all the employees for good performance and growth that the Company has achieved during the year and looks forward to their continued involvement, commitment and dedication to enable it to reach greater heights in the life insurance industry.

On behalf of Board of Directors,

**Md. Motaher Hussain**
Chairman

Dated, Dhaka
10-08-2023



# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম,

প্রিয় শেয়ারহোল্ডারগণ, আসসালামু আলাইকুম।

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর পরিচালকবৃন্দ ২০২২ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী, নিরীক্ষকের ও পরিচালকমন্ডলীর প্রতিবেদন উপস্থাপন করতে পেরে আনন্দিত। এই প্রতিবেদনে সুষ্ঠু কর্পোরেট পরিচালনা ব্যবস্থা এবং কোম্পানীর সাফল্য সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

**বীমা শিল্পের অবস্থা ঃ**

জীবন বীমা শিল্প দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি অবিচ্ছেদ্য অংশ, যা একটি দেশের অর্থনীতির প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশের জাতীয় প্রবৃদ্ধির ০.৫% বীমা শিল্প থেকে অর্জিত হয় যাহা এই শিল্পের প্রত্যাশিত লক্ষ্য ১% থেকে অনেকাংশে পিছিয়ে এবং বাংলাদেশের সমগ্র জনগোষ্ঠিতে বর্তমানে বীমা কভারেজ ৫% যাহা নিদেনপক্ষে ১৫% থাকা সমিচীন। এই খাতের ভবিষ্যৎ উন্নয়ন সরকার ও স্বার্থ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতার উপর নির্ভরশীল।

## আর্থিক ফলাফল ঃ

আয়কর ও লভ্যাংশ প্রদানের পর লাইফ রেভিনিউ হিসাবের স্থিতি হলো ১৬৮৫.২৭ কোটি টাকা, এ বছর কোম্পানীর সর্বমোট প্রিমিয়াম আয় হয়েছে ৬৭৫.৭৪ কোটি টাকা, কোম্পানীর ব্যবস্থাপনা ব্যয় হয়েছে ২৬৭.১১ কোটি টাকা যা কিনা কোম্পানীর বোর্ড এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গভীর ভাবে পর্যবেক্ষণ করছে।

প্রিমিয়াম আয়ের তুলনামূলক বিস্তারিত তথ্যাদি নিম্নে উদ্বৃত হলো ঃ

| বিবরণ | ২০২২ (কোটি টাকায়) | ২০২১ (কোটি টাকায়) |
|---|---|---|
| **প্রথম বছরের প্রিমিয়াম ঃ** | | |
| একক বীমা | ৩০.৮৬ | ২৭.১৪ |
| জনপ্রিয় বীমা | ২৬.১২ | ২৭.৪৬ |
| ইসলামী বীমা (তাকাফুল) | ২৮.১৯ | ২৫.৬৮ |
| আল-আমিন বীমা | ৬১.৪৯ | ৫১.৮০ |
| ইসলামী ডিপিএস বীমা | ২০.২২ | ২০.৩৮ |
| পপুলার ডিপিএস বীমা | ৮.৯৩ | ৯.৫৭ |
| আল-বারাকা ইসলামী বীমা | ২০.৫০ | ২১.৪৮ |
| আল-বারাকা ইসলামী ডিপিএস বীমা | ১৩.৪৭ | ১২.৪২ |
| জনপ্রিয় একক বীমা | ১০.৯১ | ১০.৮০ |
| আল-আমিন একক বীমা | ১৯.০৯ | ১৫.৫৪ |
| ইসলামী ডিপিএস ক্ষুদ্র একক | ৫.৩২ | ৪.৩০ |
| জনপ্রিয় ক্ষুদ্র একক | ৪.৩৪ | ৩.৮৫ |
| | **২৪৯.৪৪** | **২৩০.৪৩** |
| **নবায়ন প্রিমিয়াম ঃ** | | |
| একক বীমা | ৪৯.৩৭ | ৪৬.৪৭ |
| জনপ্রিয় বীমা | ৪১.৪৭ | ৩৯.৫৯ |
| ইসলামী বীমা (তাকাফুল) | ৩৮.৮৩ | ৪০.৮৩ |
| আল-আমিন বীমা | ১১৭.৮৩ | ১১৬.২৫ |
| ইসলামী ডিপিএস বীমা | ৩৯.৬০ | ৩৯.০৩ |
| পপুলার ডিপিএস বীমা | ১৪.৮১ | ১৩.৯৮ |
| আল-বারাকা ইসলামী বীমা | ২৭.৩৬ | ২৬.০২ |
| আল-বারাকা ইসলামী ডিপিএস বীমা | ১৮.৫৮ | ১৯.৩৯ |
| জনপ্রিয় একক বীমা | ১৫.৫১ | ১৫.৪৩ |
| আল-আমিন একক বীমা | ৪১.৪৪ | ৪০.৫৬ |
| ইসলামী ডিপিএস ক্ষুদ্র একক | ১১.৭৫ | ১২.৬৪ |
| জনপ্রিয় ক্ষুদ্র একক | ৯.৫৬ | ৯.৯৫ |
| | **৪২৬.১১** | **৪২০.১৫** |
| | **৬৭৫.৫৫** | **৬৫০.৫৮** |

| বিবরণ | ২০২২ (কোটি টাকায়) | ২০২১ (কোটি টাকায়) |
|---|---|---|
| **গোষ্ঠী বীমা প্রিমিয়াম ঃ** | | |
| গোষ্ঠী বীমা | ০.১৭ | ০.১৮ |
| লাইফ ফান্ড | ১,৬৮৫.২৭ | ১,৭৯৪.৭৮ |
| দাবী বীমা | ৫৭৬.৯৮ | ৪৪২.৬৯ |
| ব্যবস্থাপনা ব্যয় | ২৬৭.১১ | ২৫৪.২৭ |
| বীমা এজেন্ট কমিশন | ৭৮.০৮ | ৬৯.৪০ |
| ভাতা এবং কমিশন (উপরোক্ত কমিশন ব্যতিত অন্যান্য কমিশন) | ৩০.৩৫ | ২৭.০৩ |
| প্রশাসনিক এবং অন্যান্য ব্যয় | ১৫৮.৬৮ | ১৫৭.৮৪ |

## ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

ব্যবসা এবং ঝুঁকি পরস্পরের সাথে নিবিড়ভাবে যুক্ত। এটা যেন মুদ্রার এপিট-ওপিট। তুলনামূলক বিশ্লেষণে বীমা ব্যবসায় ঝুঁকির পরিমান বিশেষভাবে উল্লেখযোগ্য। ঝুঁকি হলো অনিশ্চয়তা বা ক্ষতির সম্ভাবনা যা বীমা ব্যবসায় একটি গুরুত্বপূর্ণ উপাদান। দক্ষ হাতে যৌক্তিক এবং নিরূপিত ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োগ বীমা শিল্পের দীর্ঘমেয়াদী সফলতার মূল চাবিকাঠি। ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষমতা বৃদ্ধি, শক্তিশালী করা এবং এর সর্বোচ্চ নিয়ন্ত্রণ বাস্তবায়নের পাশাপাশি প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলের স্বার্থ সংরক্ষণ করাই আমাদের অন্যতম মূল লক্ষ্য। ফলশ্রুতিতে জীবন বীমা প্রতিষ্ঠান হিসাবে সমাজে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর অবস্থান এবং সুনাম বৃদ্ধি হবে যা সর্বোপরি সমাজের প্রতি দায়িত্ব পালনে সহায়তা করবে।

## পণ্য বিক্রয় খরচ, গ্রস প্রোফিট মার্জিন এবং নীট প্রোফিট মার্জিন ঃ

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড জীবন বীমা কার্যক্রম নিয়ে পরিচালিত হওয়া একটি নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান। ইহার আর্থিক বিবরণী প্রস্তুত করার বিষয়ে পণ্য বিক্রয়, গ্রস প্রোফিট মার্জিন এবং নীট প্রোফিট মার্জিন বিবেচনা করা হয় না। প্রফিট মার্জিন ও তুলনামূলক বিশ্লেষণ অডিট রির্পোটের কনসলিটেড লাইফ রেভিনিউ একাউন্টে দেখানো হয়েছে।

## এক্সট্রা অর্ডিনারি লাভ অথবা ক্ষতি ঃ

এ বছর এমন কোন কার্যাবলী পরিলক্ষিত হয়নি এবং আর্থিক বিবরণীতেও এরকম কোন তথ্যের প্রয়োগ হয়নি।

## রিলেটেড পার্টির লেনদেন ঃ

উল্লেখযোগ্য কোন রিলেটেড পার্টির লেনদেন দেখা যায়নি, আর্থিক বিবরণীতে ৩৬নং নোটে এ সংক্রান্ত টীকা প্রদান করা হয়েছে।

## পাবলিক ইস্যুর মাধ্যমে অর্জিত ফান্ডের ব্যবহারঃ

কোম্পানীর আইপিও ফান্ড ২০০৫ সালে তৈরি করা হয়েছিল। পরবর্তীতে ফান্ড গঠনের জন্য এ ধরনের পাবলিক ইস্যু, রাইট ইস্যু অথবা অন্য যে কোন ইন্স্ট্রুমেন্ট আর উত্থাপিত হয়নি।

**আর্থিক ফলাফলের অবক্ষয় ঃ**

ইনিসিয়াল পাবলিক অফারিং (আইপিও), রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইটস্ শেয়ার অফার, ডাইরেক্ট লিস্টিং ইত্যাদি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরে কোম্পানীর আর্থিক ফলাফলের সাথে অন্য কোনও সূচকের অবনতি ঘটেনি ।

**ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক বিবৃতির মধ্যে বিচ্যুতি ঃ**

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ২০২২ সালের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় ত্রৈমাসিক আর্থিক ফলাফল প্রকাশ করেছে। ত্রৈমাসিক ও সমাপ্ত বছরের ফলাফলের মধ্যে কোন উল্লেখযোগ্য বিচ্যুতি লক্ষ্য করা যায়নি ।

**পরিচালক ও স্বতন্ত্র পরিচালকের সম্মানি ঃ**

বোর্ড মিটিং সহ অন্যান্য কমিটি মিটিং এ উপস্থিত থাকার জন্য পরিচালক তথা স্বতন্ত্র পরিচালকগণ উপস্থিতি ফি ছাড়া অন্য কোন প্রকার সম্মানি পাওয়ার দাবীদার নয় ।

**আর্থিক বিবরণী ঃ**

কোম্পানীর আর্থিক বিবরণী তার সত্য ও ন্যায্য অবস্থা প্রতিফলন করে যাহা ব্যালেন্স শীট, রাজস্ব অ্যাকাউন্ট, জীবন বীমা তহবিল, নগদ প্রবাহ, অন্যান্য ব্যাখ্যামূলক তথ্য এবং ইক্যুইটি ষ্টেটমেন্ট এর মাধ্যমে উপস্থাপিত। নিরীক্ষিত আর্থিক বিবরণী এই বার্ষিক প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

সংবিধিবদ্ধ নিরীক্ষক নিরীক্ষিত আর্থিক বিবরণীতে কিছু মতামত দিয়েছেন। এই বিষয়ে আমাদের সুস্পষ্ট ব্যাখ্যা আপনাদের অবগতির জন্য এখানে উল্লেখ করা হলো :

১) ব্যাংক, নন-ব্যাংকিং, আর্থিক প্রতিষ্ঠানগুলো বিশেষ আইন দ্বারা পরিচালিত এবং নিয়ন্ত্রিত, যেমন ব্যাংকিং কোম্পানী আইন ১৯৯১, দি নন-ব্যাংকিং ফাইন্যান্সিয়াল অ্যাক্ট ১৯৯৩ এবং দি ইনস্যুরেন্স অ্যাক্ট ২০১০। আর্থিক বছরের শেষে অপারেশন থেকে প্রাপ্ত উদ্বৃত্ত তহবিল বরাদ্ধের ব্যাপারে বীমা আইনে নির্দিষ্ট বিধান রয়েছে। বীমা আইন ২০১০ এর বিধান অনুসারে উদ্বৃত্তের ৯০% পলিসিহোল্ডারদের এবং ১০% শেয়ারহোল্ডারদের জন্য বরাদ্ধ করা হয়েছে। ইনস্যুরেন্স আইনের স্পীরিট অব 'ল' অনুসারে বীমা শিল্পে লাভের ৫% কর্মচারীদের মাঝে বন্টন অযৌক্তিক।

   তদুপরি, বাংলাদেশ শ্রম আইনের প্রাসঙ্গিকতা এবং এখতিয়ার পর্যালোচনা করার পর সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে ব্যাখ্যা চাওয়া হলে এই বিষয়ে অর্থ মন্ত্রণালয় ৫৩.০০.০০০০.৩১১.২২.০০২.১৭-১৩০ তারিখ ১৪ ফেব্রুয়ারি ২০১৭ চিঠির মাধ্যমে একটি নির্দেশনা জারি করেছে, যাতে বলা হয়েছে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপর WPPF প্রযোজ্য নয়। একটি আর্থিক প্রতিষ্ঠান হিসাবে বীমা কোম্পানীগুলো ও অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মেনে চলবে, যাদের জন্য WPPF প্রযোজ্য হবে না।

২) আমাদের কোম্পানী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সার্কুলার নং-বী:উ:নি:ক:/জিএডি/১৭০৩/২০১৭-৯৩৮ তারিখ : ২১ মার্চ, ২০১৭ইং এ বর্ণিত নির্দেশিকা অনুসারে এজেন্ট কমিশন সম্পর্কিত আর্থিক লেনদেন করে থাকি। কিছু কিছু ক্ষেত্রে আমরা সমাজের প্রান্তিক মানুষদের সাথে এজেন্ট হিসাবে কাজ করি যারা প্রত্যন্ত অঞ্চলে বসবাস করে যেখানে ব্যাংকিং এর অবকাঠামো অপর্যাপ্ত। তাই, ব্যবসার ধারাবাহিকতায় আমাদেরকে নগদে এজেন্ট কমিশনের কিছু পেমেন্ট করতে হয় যাহা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এর সার্কুলারের পরিপন্থী নয়।

৩) কিছু ক্ষেত্রে, দেশের ক্রমাগত ধীর অর্থনৈতিক প্রবৃদ্ধির কারণে আমাদের পলিসিহোল্ডাররা সময়মতো তাদের প্রিমিয়াম পরিশোধে ব্যর্থ হয়। এই কারণে, আমরা সুসম্পর্ক বজায় রেখে কোম্পানীর সমৃদ্ধির জন্য পলিসিহোল্ডারদের নমনীয়তা প্রদান করে বকেয়া প্রিমিয়াম সংগ্রহ করেছি।

৪) আমরা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদনকৃত কয়েকটি কোম্পানীতে প্লেসমেন্ট শেয়ারে বিনিয়োগ করেছি। সম্প্রতি ওই সব কোম্পানীগুলোর আইপিও/শেয়ার ইস্যু প্রক্রিয়ায় অনিয়ম ও অসংগতির তথ্য পরিলক্ষিত হওয়ার পর আমরা ওই কোম্পানীগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করেছি।

**হিসাবের বই সঠিকভাবে সংরক্ষণ ঃ**

পরিচালকবৃন্দ যথাযথভাবে কোনও এন্ট্রির সাথে সম্পর্কিত ভাউচারগুলো এবং পর্যাপ্ত এ্যাকাউন্টিং রেকর্ডগুলো রক্ষণাবেক্ষণ করা হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করেন। পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর নিবন্ধিত অফিসে হিসাবের বই সংরক্ষিত রাখা হয়েছে।

**যথাযথ হিসাবরক্ষণ পদ্ধতি ঃ**

ইহাও পরিচালকগণের দায়িত্ব যে প্রতারণা এবং ত্রুটির কারণে যাই হোক না কেন, তা প্রতিকারের জন্য আর্থিক বিবৃতিগুলোর প্রস্তুতি ও সুনির্দিষ্ট উপস্থাপনা সম্পর্কিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়ন করা এবং তত্ত্বাবধান করা। উপযুক্ত অ্যাকাউন্টিং নীতি নির্বাচন এবং প্রয়োগ এবং বাস্তবায়িত অ্যাকাউন্টিং নীতিমালা যা হবে যে কোন পরিস্থিতিতে যুক্তিসঙ্গত এবং বস্তুগত বিভ্রান্তি থেকে মুক্ত।

**আইএএস এবং আইএফআরএস অনুসরণ ঃ**

আর্থিক বিবরণী প্রস্তুত করার জন্য আন্তর্জাতিক অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএএস) বা আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন স্ট্যান্ডার্ডস (আইএফআরএস) যা বাংলাদেশের জন্য প্রযোজ্য তা অনুসরণ করা হয়েছে এবং সেখান থেকে যে কোনও প্রস্থান যথাযথভাবে প্রকাশ করা হয়েছে। আইএএস এবং আইএফআরএস এর নামসহ অডিট রির্পোট-এ প্রদর্শন করা হয়েছে।

**কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ঃ**

একটি কার্যকর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ছাড়াও প্রতিটি নিয়ন্ত্রণ পর্যায়ে সংজ্ঞায়িত নিয়ন্ত্রণ ক্রিয়াকলাপের সাথে একটি উপযুক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থা গঠন করা প্রয়োজন। সামগ্রিক ব্যবসায়িক কৌশল এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার গুরুত্বপূর্ণ নীতি পর্যালোচনা অনুমোদন দেয়ার দায়িত্ব পরিচালনা পর্ষদের রয়েছে। অডিট কমিটি কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা মূল্যায়ন করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

**সংখ্যালঘু শেয়ারহোল্ডোরদের স্বার্থ রক্ষা ঃ**

সংখ্যালঘু শেয়ারহোল্ডোরদের সাথে এমন কোন পরিস্থিতি তৈরি হয়নি, যা সরাসরি বা পরোক্ষভাবে জড়িত শেয়ারহোল্ডোরদের নিয়ন্ত্রণের দ্বারা বা অপব্যবহারে দ্বারা অপব্যবহারকারী কর্মকান্ড থেকে সুরক্ষিত এবং প্রতিকারের পদক্ষেপ রয়েছে। শেয়ারহোল্ডারদের মধ্যে যারা বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকতে পারিবেন না মনে করেন তারা প্রক্সি ফরর্মের মাধ্যমে মনোনিত ব্যক্তি দ্বারা উপস্থিত হতে পারবেন। অন্যদিকে কোম্পানী নিয়মিত ভাবে ডিভিডেন্ট ব্যবস্থা মনিটর করেন।

## চলমান প্রক্রিয়া ঃ

আর্থিক বিবৃতিগুলো সাধারণত এই ধারার অধীনে প্রস্তুত করা হয় যে ব্যবসায় "চলমান প্রক্রিয়া" কতটুকু তা নির্ণেয় করা যায়। অর্থাৎ এটি তার সম্পদের উপর ইতিবাচক উপার্জন বৃদ্ধি করাতে এবং ব্যবসায়ে সাধারণ দায়বদ্ধতা পূরণ করতে পারে বলে আশা করা হচ্ছে। আর্থিক বিবৃতির প্রস্তুতিতে চলমান প্রক্রিয়া অনুমান উপযুক্ত কিনা তা নির্ধারণ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব। পপুলার লাইফ ইনস্যুরেন্স বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআর)-এর নিজ নিজ নির্দেশিকা দ্বারা নির্ধারিত বিভিন্ন প্যারামিটারের উপরে ভালভাবে চলছে। এটির উপর বিস্তারিত আলোচনা অডিট রির্পোটে দেখানো হয়েছে।

## গত বছরের অপারেটিং ফলাফল থেকে বিচ্যুতি ঃ

কোম্পানীর গত বছরের অপারেটিং ফলাফলগুলো থেকে কোনও ধরনের উল্লেখযোগ্য বিচ্যুতি দেখা দেয়নি।

## পাঁচ বছরের অপারেটিং এবং আর্থিক ডেটা ঃ

গত পাঁচ বছরের মূল অপারেটিং এবং আর্থিক তথ্যটি অত্র বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে।

## লভ্যাংশ ঃ

পরিচালনা পর্ষদ ২০২২ সালের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে সকল শেয়ারহোল্ডারদের প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য ৩৮% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। লভ্যাংশ সুপারিশ করণের সময় পরিচালনা পর্ষদ ২০২২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশনের ফলাফল এবং উক্ত তারিখে লাইফ ফান্ডের অবস্থা বিবেচনায় আনে।

## লভ্যাংশ বিতরণ সম্পর্কিত প্রকাশনা ঃ

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড সিকিউরিটি হোল্ডারের কাছে লভ্যাংশ ঘোষণা বা অনুমোদনের ৩০(ত্রিশ) দিনের মধ্যে তা পরিশোধ করে এবং ৭(সাত) কার্যদিবসের মধ্যে লভ্যাংশ প্রদানের বিষয়ে এক্সচেঞ্জ এবং কমিশনে একটি কমপ্লায়েন্স রিপোর্ট জমা দেয়। লভ্যাংশ বিতরণ সম্পর্কিত নীতিমালা বার্ষিক প্রতিবেদনে বিশদভাবে আলোচনা করা হয়েছে।

## অর্ন্তবর্তীকালীন লভ্যাংশ ঃ

কোনও বোনাস শেয়ার বা স্টক লভ্যাংশ বোর্ড দ্বারা অর্ন্তবর্তীকালীন লভ্যাংশ হিসাবে ঘোষিত হয়নি এবং কোম্পানীর আর্থিক বিবরণীতে কোনও প্রভাব বিস্তার করেনি।

## পরিচালনা পর্ষদ সভা এবং উপস্থিতি ঃ

পরিচালকমন্ডলীর সভা ও উপস্থিতির রেকর্ড বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়েছে। কোম্পানী পরিচালকমন্ডলীর সভা বাংলাদেশ সেক্রেটারিয়েল স্টার্ন্ডার্ড মানিয়ে প্রস্তুত করে এবং রেকর্ড সংরক্ষিত করেছে।

## শেয়ারহোল্ডারদের ধরণ ঃ

৩১ ডিসেম্বর ২০২২ সাল অনুযায়ী শেয়ারহোল্ডারদের ধরণ (নাম অনুসারে বিশদসহ) সমষ্টিগত সংখ্যা বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়েছে।

**সাবসিডিয়ারি ঃ**

কোম্পানীর ২টি সাবসিডিয়ারি রয়েছে। অত্র ২টি সাব-সিডিয়ারি হিসাবে ১) পপুলার লাইফ সিকিউরিটিজ লিমিটেড এবং ২) পিএলআই এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড এর আর্থিক বিবরণী এই বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে।

**পরিচালকবৃন্দ ঃ**

গঠন :- পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা মোট ১২ জন। যার মধ্যে ০৪(চার) জন স্বতন্ত্র পরিচালক।
স্বতন্ত্র পরিচালক :- জনাব মোহাম্মদ আবু কাওছার, জনাব মোহাম্মদ হাবিবুল বাহার, জনাব মোহাম্মদ আতিক আকবর এবং ডঃ মোঃ আব্দুল মান্নান ভূইয়া হলেন কোম্পানীর স্বতন্ত্র পরিচালক।

উদ্যোক্তা পরিচালক:- কোম্পানী সংঘ বিধি ৮৩(১) ধারা অনুযায়ী নিম্নোক্ত ২(দুই) জন উদ্যোক্তা পরিচালক ২৩তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় তারা পুন:নির্বাচনের জন্য বিবেচিত হবেন।

১। জনাব শামসুল আরেফিন খালেদ এবং
২। বেগম ফারজানা জাহান আহমেদ

**পরিচালকের পরিবর্তন ঃ**

অর্থ বছর ২০২১-২২ পরিচালনা পর্ষদে কোন পরিবর্তন ও পরিবর্ধণ হয়নি।

**সাধারণ শেয়ারহোল্ডার পরিচালক ঃ**

কোম্পানীর সংঘ বিধি ৮৩(২) ধারা অনুচ্ছেদ এবং বীমা আইনের সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী জনাব মোহাম্মদ আমির হোসেন চৌধুরী এবং জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম চৌধুরী অবসর নিচ্ছেন এবং যোগ্য বিধায় পুনঃ নির্বাচনের জন্য আবেদন করেছেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সাধারণ শেয়ারহোল্ডারদের পরিচালক নির্বাচনের নোটিফিকেশন দেশের দুইটি দৈনিক পত্রিকা পর্যায়ক্রমে দৈনিক নাগরিক সংবাদ এবং The Daily Voice of Asia এ প্রকাশ করা হয়।

**ব্যবস্থাপনা পরিচালনার আলোচনা এবং কোম্পানীর অবস্থান সম্পর্কিত বিশ্লেষণ:**

হিসাব বিবরণীতে আর্থিক পরিবর্তনের সংক্ষিপ্ত আলোচনার পাশাপাশি কোম্পানীর অবস্থান এবং পরিচালনা সম্পর্কিত বিশদ বিশ্লেষণ মূখ্য নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্বাক্ষরিত ম্যানজেমেন্টের আলোচনা ও বিশ্লেষণ বার্ষিক প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

**সিইও এবং সিএফও এর ঘোষণা ঃ**

সিইও এবং সিএফও, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন গাইড লাইন অনুসারে ফিন্যান্সসিয়াল ঘোষণাপত্র অত্র বার্ষিক প্রতিবেদনে প্রকাশ করা হয়েছে।

**কর্পোরেট গভার্নেন্স ঃ**

কোম্পানীর সু-শাসন প্রতিষ্ঠার জন্য কোম্পানী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিশ নং বিএসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮ অনুযায়ী প্রদত্ত নির্দেশাবলী আহমেদ মাশুক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃক প্রদত্ত হয়েছে যা বার্ষিক প্রতিবেদন ২০২২ তে সংযুক্ত করা হয়েছে। আহমেদ মাশুক এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস, ২৩তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানীর কমপ্লায়েন্স নিরীক্ষক অবসর নিবেন।

## সাব কমিটি ঃ

কোম্পানীর সু-শাসন প্রতিষ্ঠা এবং চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য ৫টি সাব কমিটি গঠন করে। যথা- ১) অডিট কমিটি ২) দাবী কমিটি ৩) রিয়েল এস্টেট কমিটি ৪) ইনভেস্টমেন্ট কমিটি এবং ৫) নমিনেশন এবং রেমুনারেশন কমিটি (এনআরসি)। কোম্পানীর কাজের স্বচ্ছতা এবং শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষার উদ্দেশ্যে কমিটিগুলো কাজ করে যাচ্ছে। উক্ত বার্ষিক প্রতিবেদনের সাথে একটি কর্পোরেট গভর্নেন্স প্রতিবেদন সংযুক্ত করা হল।

## বোর্ডের নিরীক্ষা কমিটি ঃ

কোম্পানীর বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতার নিশ্চয়তা বিধান স্বাপেক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিশ নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/প্রশাসন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮ এর নির্দেশিকা মোতাবেক বোর্ড কর্তৃক গৃহীত ও নির্ধারিত নীতি ও কাঠামোগত পদ্ধতির অধীনে বিভিন্ন কার্যাবলী পরিচালিত হয়। কোম্পানীর কার্যক্রমের গুরুত্বের ভিত্তিতে নিরীক্ষা কমিটি ডিসেম্বর ৩১, ২০২২ইং সালের সমাপ্ত বছরের আর্থিক বিবরণী বহিঃ নিরীক্ষক দ্বারা পর্যালোচনা করান।

## এন.আর.সি. কমিটি ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিশ নং বিএসইসি/সিএমআরসিডি/২০০৬-১৫৮/২০৭/ প্রশাসন/৮০ তারিখ ০৩ জুন ২০১৮ এর নির্দেশিকা মোতাবেক কোম্পানী এন.আর.সি কমিটি প্রতিষ্ঠা করেছে যা পরিচালনা পর্ষদের উপ কমিটি হিসেবে কাজ পরিচালন করছে, এই এন.আর.সি কমিটি স্বাধীন কমিটি হিসেবে বোর্ড এবং কোম্পানীর শেয়ারহোল্ডারদের কাছে দায়িত্বশীল এবং জবাবদিহি থাকবে।

## লাইফ ফান্ড ও লাইফ রেভিনিউ ঃ

কোম্পানীর প্রিমিয়াম আয়ের বাইরে অন্যান্য খাতসমূহ ছিল প্রতিযোগীতামূলক, যদিও তা সংখ্যার বিবেচনায় উর্দ্ধগামী। বিগত বছরের তুলনায় ফিক্সড ডিপোজিট আয় হ্রাস পেয়েছে এবং লভ্যাংশ আয় বেড়েছে। যেখানে শেয়ার বিক্রয়লব্ধ আয় হয়েছে ১৪.১১ কোটি টাকা। বিগত বছরের ১,৭৯৪.৭৮ কোটি টাকা লাইফ ফান্ডের আয়ের বিপরীতে ৩১শে ডিসেম্বর ২০২২ সালে লাইফ ফান্ড দাঁড়িয়েছে ১,৬৮৫.২৭ কোটি টাকায়।

## দাবী ঃ

২০২১ সালের ৪৪২.৬৯ কোটি টাকা বীমা দাবী পরিশোধের বিপরীতে কোম্পানী এ বছর ৫৭৬.৯৮ টাকা বীমা দাবী নিষ্পত্তি করেছে। এটি কোম্পানীর জন্য একটি অভূতপূর্ব সাফল্য।

## একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন ঃ

কোম্পানীর পরিচালনা পর্ষদ বাৎসরিক ভিত্তিতে একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত নেন এবং তদানুযায়ী কোম্পানীর ২০২২ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত দায় ও পরিসম্পদের একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন কার্যক্রম সম্পাদন করা হয়। ভ্যালুয়েশন ফলাফলে ১৯৯.৪৩ কোটি টাকা উদ্বৃত্ত দেখানো হয়েছে। তন্মধ্যে ১৩১.৬৮ কোটি টাকা পলিসিহোল্ডারগণকে বোনাস প্রদানের জন্য বরাদ্ধ রাখা হয়েছে।

## পলিসি গ্রাহকগণের জন্য সেবা ঃ

কোম্পানীর খ্যাতি এবং উন্নতি পলিসি গ্রাহকগণের দ্রুত এবং উন্নতমানের সেবা দানের উপর নির্ভরশীল। এ বিষয়ের প্রতি লক্ষ্য রেখে কর্ম প্রক্রিয়ায় এবং পরিচালনার পরিবেশকে অটোমেশনের মাধ্যমে আমাদের সেবা কার্যক্রম আরো শক্তিশালী করার প্রচেষ্টা বিদ্যমান।

দেশব্যাপী পল্লী ও শহরকেন্দ্রিক কোম্পানীর কয়েক শত অফিস হতে পলিসি গ্রাহকগণকে প্রয়োজনীয় সকল সেবা প্রদান করা হচ্ছে। এ বছরে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জোনাল এবং আঞ্চলিক অফিস সমূহের সেবার মান উন্নত করার জন্য অটোমেশন ও অন্যান্য কাঠামো উন্নয়নের কাজ করছে।

বীমা দাবী নিষ্পত্তি কার্যক্রম হচ্ছে পলিসি গ্রাহকগণের জন্য একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। কাজেই কোম্পানী ম্যাচিউরিটি, সারভাইভাল এবং মৃত্যু দাবীসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য খুব গুরুত্ব প্রদান করেছে। পলিসি গ্রাহকগণকে দাবী নিষ্পত্তি বিষয়ে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের উদ্যোগ নেয়া হয়েছে। অত্র বছরে কোম্পানী ৫৭৬.৯৮ কোটি টাকা দাবী নিষ্পত্তি করেছে। একটি বিষয় গুরুত্বের সাথে পরিলক্ষিত হয়েছে যে কোম্পানীর কার্যকাল বৃদ্ধির সাথে সাথে বর্তমানে মেয়াদোত্তীর্ণ বীমা দাবী উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

**মানব সম্পদ ব্যবস্থাপনা ঃ**

বীমা শিল্প হচ্ছে সেক্ষেত্র যেখানে অভিজ্ঞ ব্যক্তিগণের সেবা অতীব প্রয়োজনীয়। পপুলার লাইফ এ বিষয়ে সম্পূর্ণ সচেতন এবং প্রতিষ্ঠার শুরু থেকে আকর্ষণীয় সুবিধা প্রদানের মাধ্যমে দেশের বীমা জগতের উচ্চ পর্যায়ের এবং অন্যান্য অবস্থানের নির্বাহীগণের সেবা গ্রহনে সচেষ্ট। সাধারণ সুবিধাদির পাশাপাশি পপুলার লাইফ কর্মীদের জন্য অন্যান্য সুবিধা প্রদান করে আসছে যেমন- উৎসব বোনাস, গ্রাচ্যুইটি, প্রভিডেন্ট ফান্ড, অর্জিত ছুটি, অসুস্থতা জনিত ছুটি, মহিলা কর্মীদের ক্ষেত্রে মাতৃত্বকালীন ছুটি, গ্রুপ বীমা এবং গৃহ নির্মান ঋণ। পপুলার লাইফ বিভিন্ন সময় ঘরোয়াভাবে পলিসি বিপণনের সাথে জড়িত উন্নয়ন কর্মী, অবলিখন, দাবী ব্যবস্থাপনা, পুনঃ-বীমা এবং তাকাফুল পদ্ধতি চর্চার সাথে জড়িতদের প্রশিক্ষণের ব্যবস্থা করে আসছে। ২০২২ সালে কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে বীমা সম্পৃক্ত বিভিন্ন বিষয় যেমন এন্ট্রি মানি লন্ডারিং, ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট এবং কমপ্লায়েন্স এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

**নিরীক্ষক ঃ**

কোম্পানী আইন ১৯৯৪ এর ধারা ২১০ অনুসারে কোম্পানীর বিধিবদ্ধ নিরীক্ষক জি. কিবরিয়া এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্ট ২৩তম বার্ষিক সাধারণ সভায় অবসর নেবেন।

**সামাজিক দায়বদ্ধতা ঃ**

সাময়িক এবং ক্ষুদ্র লাভ অপেক্ষা কোম্পানীর সুবিধাভুক্ত গ্রাহকদের সমন্বয়ে নির্ধারিত এবং পরিকল্পিত কার্যক্রমকে আরো আকর্ষণীয় করার লক্ষ্যে অধিক কার্যকরী, সহায়ক এবং নীতি নির্ধারণী পদক্ষেপ গ্রহনে আমরা বদ্ধপরিকর। আমরা সর্বক্ষেত্রে তুলনামূলকভাবে কম জ্বালানী ও বিদ্যুৎ শক্তির ব্যবহারে এবং ক্ষতিকারক নি:সরণের বিষয়ে সর্বদা সচেতন থাকি।

সমাজের একটি অবিচ্ছেদ্য অংশ হিসাবে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড সমাজের প্রতি তার দায়বদ্ধতা স্বীকার করে। কোম্পানী তার সামাজিক দায়িত্ব সম্পর্কে সর্বদাই সচেতন এবং তা পালনে সর্বাত্মক চেষ্টা করে যায়। বীমা ব্যবসার মূল উপাদান যেহেতু সমাজ থেকেই নিয়োজিত হয় তাই সমাজের প্রতি বিভিন্ন রকম সচেতনতা ও উন্নয়ন মূলক কর্মকান্ড পরিচালনা করার বিষয়টি আমাদের কাছে সব সময়ই গুরুত্বপূর্ণ। কোম্পানীর সাথে সংশ্লিষ্ট সকল মানুষ-ই আমাদের এই সামাজিক দায়বদ্ধতার আওতাভূক্ত। আমাদের অর্জন কোম্পানীর বার্ষিক প্রতিবেদনে ক্যাপশনে ও ছবি সম্বলিত রিপোর্ট দেয়া হয়েছে।

**পরিচালকমন্ডলীর দায়িত্বাবলীর বিবৃতি ঃ**

কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত এবং উপস্থাপনায় পরিচালকমন্ডলী নিশ্চিত করেছেন যে ঃ

১. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীর সাথে কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী এবং এতদ্বসঙ্গীয় নোটসমূহ সঙ্গতিপূর্ণ;

২. কোম্পানীর বার্ষিক হিসাব প্রস্তুতকালে হিসাব বিজ্ঞানের মান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে এবং এতদসম্পর্কিত ব্যাখ্যা বিবৃত করা হয়েছে;

৩. পরিচালকমন্ডলীর হিসাব বিজ্ঞানের নীতিমালা নির্দিষ্ট করে সামঞ্জস্যরূপে প্রয়োগ, বিচার বিশ্লেষণ দ্বারা নিশ্চিত হয়েছেন যে, আলোচ্য হিসাবাদিতে কোম্পানীর স্বচ্ছ চিত্র প্রতিফলিত হয়েছে;

৪. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীতে বর্ণিত আইন ও বিধিবিধান মেনে কোম্পানীর হিসাবে প্রতারণা ও অনিয়মের বিষয়ে নিরাপত্তা বিধান ও অনুসন্ধান দ্বারা কোম্পানীর সম্পদ রক্ষণাবেক্ষনে পরিচালকমন্ডলী যথোপযুক্ত ও যথেষ্ট যত্নশীল ছিলেন;

**প্রযুক্তির প্রয়োগ ঃ**

কোম্পানী তার কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে প্রযুক্তির অগ্রগতিকে সব সময়ই গ্রহন করে আসছে। বীমা ব্যবসায় কার্যক্রমকে নতুন ভাবে সাজাতে এবং বীমা ব্যবস্থাপনায় যে কোন সমস্যা দ্রুত সমাধানের ক্ষেত্রে প্রযুক্তি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এরই ফলশ্রুতিতে আমরা আমাদের ওয়েবসাইটকে পর্যাপ্ত এবং প্রাসঙ্গিক তথ্য দ্বারা আমাদের গ্রাহকবৃন্দ এবং বিনিয়োগ কারীদের জন্য আর্কষনীয় করে তৈরী করেছি। দেশব্যাপী বিস্তৃত আমাদের সকল অফিস ও কর্মস্থল পর্যায়ক্রমে একটি নেটওয়ার্কের আওতায় আনা হচ্ছে।

**জাতীয় রাজস্ব অবদান ঃ**

কোম্পানী ২০২২ সালে আয়কর, ভ্যাট এবং অন্যান্য ফি বাবদ সরকারের রাজস্ব বিভাগে সর্বমোট ৯.৪৩ কোটি টাকা জমা করেছে। জাতীয় কোষাগারে আপনাদের কোম্পানীর এ অবদান আমাদের সাফল্যের আরেকটি পরিচায়ক।

**২০২৩ সালের জন্য ব্যবসার পরিকল্পনা ঃ**

একক বীমা, জনপ্রিয় বীমা, ইসলামী বীমা (তাকাফুল), আল-আমিন বীমা, ইসলামী ডিপিএস, পপুলার ডিপিএস, আল-বারাকাহ ইসলামী একক বীমা, আল-বারাকাহ ইসলামী ডিপিএস, জনপ্রিয় একক বীমা, আল-আমিন একক বীমা, ইসলামী ডিপিএস ক্ষুদ্র একক এবং জনপ্রিয় ক্ষুদ্র একক ডিভিশন সমূহের প্রবৃদ্ধির জন্য ব্যবসায়ী কৌশল গ্রহণ করেছে এবং ২০২৩ইং সনে প্রিমিয়াম অর্জনের জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিশ্বাস করেন যে, দেশের সামগ্রিক আর্থিক এবং রাজনৈতিক পরিস্থিতি অনুকূলে থাকলে এবং দেশে কোন প্রাকৃতিক বিপর্যয় না ঘটলে তা অর্জন করা সম্ভব।

**স্বীকারোক্তি ঃ**

পরিচালনা পর্ষদ পক্ষ থেকে আমি সকল সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকবৃন্দ, শরীয়াহ কাউন্সিলের সদস্যবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালককে তাদের সর্বোত্ত সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আমার সম্মানিত পলিসি গ্রাহকগণ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, রেজিষ্টার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ ও ফার্ম সমূহের নিবন্ধক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ, আমাদের ব্যাংকারগণ ও অন্যান্য সকল শুভাকাংখীগণকে তাদের সহযোগিতা, সমর্থন এবং আস্থার জন্য আমার আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

কোম্পানীর কর্মক্ষমতা ও বৃদ্ধির ক্ষেত্রে অবদান রাখা সমস্ত কর্মচারীদের প্রতি আমরা আন্তরিকতা ও প্রশংসা জ্ঞাপন করছি। পাশাপাশি জীবন বীমা সেক্টরে কোম্পানীকে একটি অনন্য উচ্চতায় পৌঁছে নেয়ার ক্ষেত্রে সকলের সম্পৃক্ততা, নিষ্ঠা এবং প্রতিশ্রুতিবদ্ধতা কামনা করছি ।

পরিচালনা পর্ষদের পক্ষে-

**মোঃ মোতাহার হোসেন**
চেয়ারম্যান

তারিখ, ঢাকা, ১০ আগষ্ট ২০২৩